পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়- এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭-জুন ৩০, ২০১৮

# সূচিপত্র


কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

# বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Bangladesh Veterinary Council)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনাঃ

**সাম্প্রাতিক বছর সমূহের (৩বছর ) প্রধান অর্জন সমূহঃ-**

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল (বিভিসি) মহান জাতীয় সংসদের আইন দ্বারা সৃষ্ট একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। বিগত ৩ বছরে এই প্রতিষ্ঠান ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়নের জন্য BVC Standard for Veterinary Education নামে আন্তর্জাতিক মানের একটি মানদন্ড প্রনয়ন করেছে যা বাংলাদেশের ৯টি শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন হচ্ছে। এদেশের ভেটেরিনারি পেশার গতিশীলতা ও জবাবদিহিতা বৃদ্ধির নিমিত্তে এবং ভেটেরিনারি শিক্ষার মান নিয়ন্ত্রণের জন্য "দি বাংলাদেশ ভেটেরিনারি প্র্যাকটিশনার্স অধ্যাদেশ-১৯৮২" কে সংশোধন ও সংযোজনের মাধ্যমে "বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন-২০১৭" নামে প্রণয়ন করে চূড়ান্ত খসড়া দাখিল করা হয়েছে যা মন্ত্রী পরিষদের নীতিগত অনুমোদনের পর আইন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। বিগত ৩ বছরে কাউন্সিল ৯৭৬ জন ভেটেরিনারিয়ানকে ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (ভি,পি,আর) ও ১,০১৭ টি প্র্যাকটিশনার্স আইডি কার্ড (পিআইসি) প্রদান করা হয়েছে। তাছাড়া পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য মোট ৮৩৯ জন রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান কর্মশালা/ প্রশিক্ষণে অংশগ্রহণ করে। পর্যাপ্ত Working place এবং জনবলের অভাবে কাউন্সিলের পূর্ণাঙ্গ কার্যক্রম চালিয়ে যাওয়া দুরূহ হচ্ছে। এ সমস্যা সমাধানের জন্য পরিকল্পনা কমিশনের সুপারিশ মোতাবেক ১০ তলা ভিতের উপর ৫ তলা বিশিষ্ট " বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল ভবন" নির্মাণ প্রকল্প পরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। কাউন্সিলের কার্যক্রম বহুগুণে বৃদ্ধি পাওয়ায় ৮৯ জনবলের একটি অর্গানোগ্রাম মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহঃ-**

ভেটেরিনারি শিক্ষায় সমতা আনয়ন,শিক্ষার সুযোগ সুবিধা নিশ্চিত করা, কারিগরি জ্ঞান সম্পন্ন প্রাণি চিকিৎসক তৈরী করা, পেশার গুনগতমান বজায় রাখা এবং পেশাজীবিদের কারিগরি জ্ঞানকে সময় উপযোগী করা, ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যত পরিকল্পনাঃ-**

ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান উন্নয়নে শিক্ষার মানদন্ডের বাস্তবায়ন,শিক্ষা প্রতিষ্ঠানে তদারকি বৃদ্ধি,কোর্স ক্যারিকুলামে সমতা আনয়ন, পেশাজীবিদের জন্য কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন,ইথিক্যাল মানদন্ড বজায় রাখা ,নারী ভেটেরিনারিয়ানের সংখ্যা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করাসহ সামগ্রিক শৃংখলা আনয়নের জন্য উদ্যোগ গ্রহন করা হয়েছে।

**২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ-**

- প্রায় ৪২০ জন ডিভিএম ডিগ্রীধারীকে ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (ভি,পি,আর) প্রদান।
- ভেটেরিনারি শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্য ৬টি ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান (ভি,ই,আই) সরজমিনে পরিদর্শন।
- দক্ষতা বৃদ্ধির জন্য ৪০০ জন ভেটেরিনারিয়ানকে কর্মশালা ও প্রশিক্ষণে অংশ গ্রহন করা।
- ৪২৫ জনকে পেশাজীবী পরিচয় পত্র (পি,আই,সি) প্রদান।
- ১২ টি প্র্যাকটিস কেন্দ্র (পি,সি) পরিদর্শন।

## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহ সম্মত হলেনঃ-

## সেকশন ১:

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দক্ষ প্র্যাকটিশনার দ্বারা প্রাণির মানসম্মত স্বাস্থ্য সেবা (ভেটেরিনারি সার্ভিস) প্রদান নিশ্চিত করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান নিয়ন্ত্রণের মাধ্যমে যথাযথ কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরী করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১। ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন করা।
২। গুণগত মান সম্পন্ন ভেটেরিনারি সেবা নিশ্চিত করা।
৩। কারিগরি দক্ষতা সম্পন্ন ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরী করা।
৪। পেশাগত দক্ষতা বৃদ্ধির মাধ্যমে মান সম্পন্ন ভেটেরিনারি সেবা নিশ্চিত করা।

### ১.৪ কার্যাবলি (Functions):

(১) বাংলাদেশ ও বাংলাদেশের বাহিরে অবস্থিত ভেটেরিনারি প্রতিষ্ঠানের ভেটেরিনারি বিষয়ে শিক্ষাগত যোগ্যতা ও প্রদত্ত ডিগ্রীর স্বীকৃতি প্রদান ;
(২) ভেটেরিনারি প্র্যাকটিশনারদের নিবন্ধন,নিয়ন্ত্রণ এবং তাহাদের আইনগত অধিকার ও সুযোগ-সুবিধা সংরক্ষণ করা;
(৩) ভেটেরিনারি শিক্ষা,পেশা ও সেবার মান নিয়ন্ত্রণ ও নীতিমালা প্রণয়ন এবং উহার উন্নয়নের জন্য গবেষণা ও সম্প্রসারণের ব্যবস্থা করা ;
(৪) জনস্বাস্থ্য সংরক্ষণ, রোগ দমন, জনগণের নিরাপদ পুষ্টির নিরাপত্তা নিশ্চিত করা ও প্রাণীর কল্যাণের লক্ষ্যে ভেটেরিনারিয়ানদের পেশাগত নৈতিকতা নিশ্চিতকরণ নীতিমালা প্রণয়ন ও প্রয়োগ করা;
(৫) বিভিন্ন পর্যায়ের ভেটেরিনারি প্রতিষ্ঠানে ভেটেরিনারি বিষয়ক কোর্সে ভর্তির নীতিমালা ও শর্তাদি নির্ধারণ করা;
(৬) ভেটেরিনারি শিক্ষার কোর্স ক্যারিকুলাম প্রণয়ন, ডিগ্রীর মান উন্নয়ণ,ইন্টার্ণশীপ নীতিমালা প্রণয়ন, শিক্ষার্থীদের নিকট কোর্স সহজীকরণ ও শিক্ষা গ্রহণের সুযোগ সুবিধা নিশ্চিতকরণ;
(৭) ভেটেরিনারি পেশা ও পেশাজীবিদের দক্ষতা সময়োপযোগী করা এবং রেজিস্টার্ড ভেটেরিনারিয়ানদের উচ্চতর ডিগ্রী বা প্রশিক্ষণ বা বিশেষায়িত জ্ঞানের সুযোগ সৃষ্টির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা;
(৮) কাউন্সিলকে সুচারুরূপে পরিচালনার জন্য কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং বিভিন্ন ফি নির্ধারণ করা ;
(৯) ভেটেরিনারি বিষয়ে বিদেশী ডিগ্রী/ডিপ্লোমার সমতা মূল্যায়ণ করা ও তফসিল ভুক্তির ব্যবস্থা করা;
(১০) অপেশাজনিত বা অনৈতিক কাজে লিপ্ত ভেটেরিনারিয়ান ও নন-ভেটেরিনারিয়ানদের বিচারের আওতায় নিয়ে আসা।

## সেকশন ২

## দপ্তর/ সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-২০১৮ | ২০১৮-১৯ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ভেটেরিনারি প্র্যাকটিশনারের সংখ্যা বৃদ্ধি | ভেটেরিনারি সেবার প্রাপ্যতা | সংখ্যা (জন/বছর) | ৩৭০ | ৪০০ | ৪২০ | ৪৩০ | ৪৪০ | বিভিসি ও ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| ভেটেরিনারি শিক্ষার গুণগতমান বৃদ্ধি | পেশাগত দক্ষতা বৃদ্ধি | সংখ্যা (প্রতিষ্ঠান/বছর) | ১ | ২ | ২ | ৩ | ৩ | বিভিসি ও ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| কারিগরি জ্ঞান বৃদ্ধি | সক্ষমতা বৃদ্ধি | সংখ্যা (জন/বছর) | ৩৯০ | ৪০০ | ৪২৫ | ৪৫০ | ৪৭৫ | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি | স্বচ্ছতা বৃদ্ধি | সংখ্যা (পিআইসি/বছর) | ৩৪০ | ৪০০ | ৪২৫ | ৪৫০ | ৪৭৫ | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| ভেটেরিনারি সেবার মান উন্নয়ন | সেবার মান বৃদ্ধি | সংখ্যা (পিসি/বছর) | ৭ | ১০ | ১২ | ১৪ | ১৫ | বিভিসি, ডিএলএস ও উন্নয়ন সংস্থা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসার | নারীর ক্ষমতায়ন বৃদ্ধি | সংখ্যা (এফআরভি/বছর) | ৭১ | ৮৮ | ৯০ | ৯৫ | ১০০ | বিভিসি ও ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা /নির্ণায়ক ২০১৭-১৮ (TargetCriteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ ২০১৮-১৯ (Projection) 2018-19 | প্রক্ষেপণ ২০১৯-২০ (Projection) 2019-20 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/ সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১। ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন করা। | ১৫ | ১.১. বিভিসি-এর শিক্ষার মানদন্ড বাস্তবায়নের তদারকি | তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | সংখ্যা | ৫ | ১ | ২ | ২ | ১.৮ | ১.৬ | ১.৪ | ১.২ | ২ | ৩ |
| | | ১.২. ভেটেরিনারি প্রতিষ্ঠান পরিদর্শন/ তদারকি। | পরিদর্শনকৃত কেন্দ্র | সংখ্যা | ৫ | ১ | ২ | ২ | ১.৮ | ১.৬ | ১.৪ | ১.২ | ২ | ৩ |
| | | ১.৩. আসন সংখ্যা বৃদ্ধিতে উদ্ধুদ্ধকরণ। | উদ্ধুদ্ধকৃত প্রতিষ্ঠান | সংখ্যা | ৫ | ১ | ২ | ২ | ১.৮ | ১.৬ | ১.৪ | ১.২ | ২ | ৩ |
| ২। গুণগত মান সম্পন্ন ভেটেরিনারি পেশাজীবি নিশ্চিত করা। | ৪৫ | ২.১. ভেটেরিনারি পেশাজীবী রেজিস্ট্রেশন প্রদান। | রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী | সংখ্যা | ৩৫ | ৩৭০ | ৪০০ | ৪২০ | ৩৭৮ | ৩৩৬ | ২৯৪ | ২৫২ | ৪৩০ | ৪৪০ |
| | | ২.২. ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও তদারকি। | পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | সংখ্যা | ৫ | ৭ | ১০ | ১২ | ১০.৮ | ৯.৬ | ৮.৪ | ৭.২ | ১২ | ১৪ |
| | | ২.৩. ইথিক্যাল মানদন্ড বাস্তবায়ন। | নৈতিকতা প্রাপ্ত পেশাজীবী | সংখ্যা | ৫ | ১৯৫ | ২০০ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ২২৫ | ২৫০ |
| ৩। কারিগরি দক্ষতা সম্পন্ন ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরী করা। | ১০ | ৩. প্র্যাকটিশনার্স আইডি কার্ড প্রদান। | পরিচয় পত্র প্রাপ্ত পেশাজীবী | সংখ্যা | ১০ | ২৯৫ | ৩০০ | ৪২৫ | ৩৮৩ | ৩৪০ | ২৯৮ | ২৫৫ | ৪৪০ | ৪৫০ |
| ৪। পেশাগত দক্ষতা বৃদ্ধির মাধ্যমে মান সম্পন্ন ভেটেরিনারি সেবা নিশ্চিত করা। | ৫ | ৪. ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত ভেটেরিনারি পেশাজীবী | সংখ্যা | ৫ | ৩৭৫ | ৩৯০ | ৪০০ | ৩৬০ | ৩২০ | ২৮০ | ২৪০ | ৪১০ | ৪২০ |
| ৫। ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসার | ৫ | ৫. নারীদের ভেটেরিনারি শিক্ষায় উদ্ধুদ্ধকরণ | উদ্ধুদ্ধকৃত নারী পেশাজীবী | সংখ্যা | ৫ | ৭১ | ৮৮ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ | ৯৫ | ১০০ |

## বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রার মান- ২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতিউত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৭-২০১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সংগে ২০১৭-২০১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৭-২০১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৭-২০১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৭-২০১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন। | ২০১৭-২০১৮ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তথ্য অধিকার ও স্বপ্রানোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতিমাসের ১ম সপ্তাহে | প্রতি মাসের ২য় সপ্তাহে | প্রতি মাসের ৩য় সপ্তাহে | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারী | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময় সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | তারিখ | ১ | রবিবার | সোমবার | মঙ্গলবার | বুধ | বৃহস্পতি |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগারের ব্যবস্থা করা। | নির্ধারিত সময় সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগারের ব্যবস্থা করা। | তারিখ | ১ | ২৯ সেপ্টেম্বর | ৫ অক্টোবর | ১৫ অক্টোবর | ৩১ অক্টোবর | ১৫ নভেম্বর |
| | | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতার মতামত পরীবিক্ষনের ব্যবস্থা করা। | নির্ধারিত সময় সীমার মধ্যে সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতার মতামত পরীবিক্ষনের ব্যবস্থা করা। | তারিখ | ১ | ৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ৩ মার্চ | ২৮ মার্চ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | নির্ধারিত সময় সীমার মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করব। | % | ১ | ২ মে | ১৬ মে | ৩০ মে | ৫ জুন | ৩০ জুন |

আমি, রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২০/৬/১৭

--------------------------------------- ----------------------------

রেজিস্ট্রার<br>বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

তারিখ

২০/৬/১৭

--------------------------------------- ----------------------------

সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখ

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১ | বিভিসি | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল (Bangladesh Veterinary Council) |
| ২ | ভিপিআর | ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (Veterinary Practitioner's Registration-VPR) |
| ৩ | ভিইআই | ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান (Veterinary Educational Institute) |
| ৪ | পিসি | প্র্যাকটিস কেন্দ্র (Practice Center) |
| ৫ | পিআইসি | প্র্যাকটিশনার্স আইডি কার্ড (Practitioner's Identity Card) |
| ৬ | ভিএস | ভেটেরিনারি সেবা / ভেটেরিনারি সার্জন (Veterinary service/Veterinary Surgeon) |
| ৭ | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Dept. of Livestock Services) |
| ৮ | আরভি | রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান (Registered Veterinarian) |
| ৯ | ডিভিএম | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (Doctor of Veterinary Medicine) |
| ১০ | ওআইই | বিশ্ব প্রাণিস্বাস্থ্য সংস্থা (International Office des Epizotics) |
| ১১ | এফআরভি | নারী রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান (Female Registered Veterinarian-FRV) |

## সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি ও উপাত্তসমূহ | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১.১. | বিভিসি-এর শিক্ষার মানদন্ড বাস্তবায়নের তদারকি | তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | বাংলাদেশে বর্তমানে ৮টি ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিভিএম ডিগ্রী প্রদান করা হচ্ছে এবং আরও ২টি প্রতিষ্ঠানে ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়নের জন্য BVC Standard for Veterinary Education প্রনয়ন করেছে। উক্ত মানদন্ডটি প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সমভাবে বাস্তবায়নের লক্ষ্যে তদারকি জোরদার পূর্বক ২টি প্রতিষ্ঠানে তা সঠিকভাবে বাস্তবায়ন করা। তাই শিক্ষার মানদন্ড বাস্তবায়নকৃত শিক্ষা প্রতিষ্ঠান (VEI)-এর সংখ্যাই হবে কর্মসম্পাদন সূচকের মানদন্ড। | বিভিসি ও ভিইআই | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১.২. | ভেটেরিনারি প্রতিষ্ঠান পরিদর্শন। | পরিদর্শনকৃত কেন্দ্র | কাউন্সিলের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি দল/কর্মকর্তা বিশ্ববিদ্যালয় পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভেটেরিনারি শিক্ষার ভৌত অবকাঠামোগত সুযোগ সুবিধা, লাইব্রেরী, ল্যাবরেটরী, খামার ও টিচিং ভেটেরিনারি হাসপাতাল ইত্যাদি আছে কিনা এবং কি মানের হাতে-কলমে শিক্ষা দেওয়া হচ্ছে তা সরজমিনে পরিদর্শন করবে।ইহাই পরিদর্শনকৃত ভিইআই-এর পরিমাপের মানদন্ড। | বিভিসি ও ভিইআই | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | আরো জনবল প্রয়োজন |
| ১.৩. | আসন সংখ্যা বৃদ্ধিতে উদ্ধুদ্ধকরণ। | উদ্বুদ্ধকৃত প্রতিষ্ঠান | ভেটেরিনারি শিক্ষার চাহিদা বেশি থাকাতে ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের আসন সংখ্যা বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। এক্ষেত্রে উদ্বুদ্ধকৃত ভিইআই-এর সংখ্যাই হবে পরিমাপের একক। | বিভিসি ও ভিইআই | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | আরো জনবল প্রয়োজন |
| ২.১. | ভেটেরিনারি পেশাজীবী রেজিস্ট্রেশন প্রদান। | রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী | ডিভিএম গ্র্যাজুয়েটদের দক্ষতা এবং দাখিলকৃত তথ্যাদি যাচাইবাচাই পূর্বক ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন প্রদান করা হয়। তাই রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী (আরভি)-এর সংখ্যাই হবে পরিমাপের একক। | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন ও কাউন্সিলে সংরক্ষিত রেজিস্টার | আরো জনবল প্রয়োজন |
| ২.২. | ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও তদারকি। | পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | ভেটেরিনারিয়ানরা প্র্যাকটিস কেন্দ্রে কি মানের ভেটেরিনারি সেবা প্রদান করছে, প্রানিকল্যাণ ও ইথিক্যাল মানদন্ড মেনে চলছে কিনা তা পরিদর্শন ও তদারকির মাধ্যমে মূল্যায়ন করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। কাজেই | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | আরো জনবল প্রয়োজন |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | পরিদর্শনকৃত পিসি-এর সংখ্যাই ইহা নির্ণায়কের একক। | | | |
| ২.৩. | ইথিক্যাল মানদন্ড বাস্তবায়ন | নৈতিকতা প্রাপ্ত পেশাজীবী | রেজিস্টার্ড ভেটেরিনারি প্র্যাকটিশনারদের শপথবাক্য পাঠ করানো এবং বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক প্রণীত কোড অব ভেটেরিনারি ইথিক্স ও ওআইই-এর প্র্যাকটিস সংক্রান্ত নির্দেশনা সম্পর্কে অবগত করা। সুতরাং কতজন আরভি-কে ইহা অবগত করা হলো সে সংখ্যাই এটি পরিমাপের একক। | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৩. | প্র্যাকটিশনার্স আইডি কার্ড প্রদান। | পরিচয় পত্র প্রাপ্ত পেশাজীবী | খামারী বা তৃণমূল পর্যায়ের সেবা গ্রহণকারীরা যথাযথ প্রাণীচিকিৎসক দ্বারা ভেটেরিনারি সেবা পাচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য প্রত্যেক আরভিপি কে প্র্যাকটিশনার্স আইডি কার্ড প্রদান করা হচ্ছে। তাই পরিচয়প্রাপ্ত পেশাজীবী (পিআইসি)-এর সংখ্যাই ইহার পরিমাপক। | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন ও কাউন্সিলে সংরক্ষিত রেজিস্টার | পর্যাপ্ত বাজেট প্রয়োজন |
| ৪. | ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত ভেটেরিনারি পেশাজীবী | যেহেতু ভেটেরিনারি শিক্ষা একটি বিশেষায়িত শিক্ষা তাই প্র্যাকটিশনারদের কারিগরি জ্ঞান সময়োপয়োগী রাখার জন্য কর্মশালা/ প্রশিক্ষণের আয়োজন করা হয়। কর্মশালা/ প্রশিক্ষণে অংশগ্রহণকারী পেশাজীবী (আরভি)-এর সংখ্যাই এটি পরিমাপের মানদন্ড। | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | প্রশিক্ষণ কোডে আরও বরাদ্দ প্রয়োজন |
| ৫. | নারীদের ভেটেরিনারি শিক্ষায় উদ্বুদ্ধকরণ | উদ্বুদ্ধকৃত নারী পেশাজীবী | নারী শিক্ষার প্রসার ও নারীর ক্ষমতায়ন এস.ডি.জি-এর অন্যতম লক্ষ্য। তাই ভেটেরিনারি শিক্ষায় নারীর অংশ গ্রহণ বৃদ্ধি ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য নারী শিক্ষার্থীকে ভেটেরিনারি শিক্ষায় উদ্বুদ্ধকরণ করা প্রয়োজন। এ শিক্ষায় নারীর সংখ্যা বৃদ্ধির ফলে ভেটেরিনারি পেশায় নারীর ক্ষমতায়ন নিশ্চিত হবে। তাই নারী রেজিস্টার্ড নারী পেশাজীবীর (এফআরভি)-এর সংখ্যাই হবে ইহার পরিমাপক। | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন | প্রচারণার জন্য বাজেট প্রয়োজন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | ভেটেরিনারি শিক্ষার মানদন্ড বাস্তবায়নের তদারকি | ভিইআই সংখ্যা | তথ্য প্রাপ্তি ও সহযোগিতা | ভেটেরিনারি শিক্ষার সমতা আনয়ন | ভেটেরিনারি শিক্ষার সমতা আনয়ন বাধাগ্রস্থ হবে। |
| ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | ভিইআই সংখ্যা | সমমানের ভেটেরিনারি শিক্ষার সুযোগ | ভেটেরিনারি শিক্ষার উন্নয়ন | ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন বাধাগ্রস্থ হবে। |
| ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | আসন সংখ্যা বৃদ্ধিতে উদ্বুদ্ধকরণ | ভিইআই সংখ্যা | প্রত্যাশা পূরণের জন্য উদ্যোগ গ্রহণ | পেশাজীবির সংখ্যা বৃদ্ধি | পেশাজীবির সংখ্যা বৃদ্ধি পাবে না। |
| ডিএলএস ও অন্যান্য উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্র্যাকটিস্ কেন্দ্র পরিদর্শন | পিসি সংখ্যা | তথ্য প্রাপ্তি ও সহযোগিতা | সেবার মান উন্নয়ন | সেবার মান বাধাগ্রস্থ হবে। |